# সংবাদ

তারিখ ..13 Aug 2017..
পৃষ্ঠা ...৪... কলাম ...৭...



ইইডি'র ৩০০ প্রকৌশলীকে মোটরসাইকেল প্রদান করছেন শিক্ষামন্ত্রী -সংবাদ

### ইইডি'র ৩০০ প্রকৌশলীকে মোটরসাইকেল প্রদান

# সততা ও দক্ষতার সঙ্গে কাজ করার নির্দেশ শিক্ষামন্ত্রীর

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা প্রকৌশল অধিদফতরের (ইইডি) কর্মকর্তাদের আরও সততা ও দক্ষতার সঙ্গে কাজ সম্পাদন করার নির্দেশ দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'আগামী মে মাসের মধ্যে এ অর্থবছরের সকল কাজ সম্পন্ন করতে হবে। কোন গাফিলতি করা যাবে না। শিক্ষা অবকাঠামো নির্মাণে কোন দুর্নীতি সহ্য করা হবে না। এক্ষেত্রে জিরো টলারেন্স নীতি নিয়েছি আমরা।'

মন্ত্রী গতকাল রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদফতরের উন্নয়ন কাজ সম্পর্কিত মাঠ পর্যায়ের প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময় এবং নতুন নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীদের মাঝে মোটরসাইকেল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মো. হানজালার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব মহিউদ্দিন খান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর এসএম ওয়াহিদুজ্জামান, ইইডি'র পরিচালক খালেদা আক্তার এবং আইডিইবি'র প্রচার ও গণসংযোগ সম্পাদক সিরাজুল ইসলাম বক্তৃতা করেন। পরে শিক্ষামন্ত্রী ইইডি'র নবনিয়োগপ্রাপ্ত ৩০০ প্রকৌশলীর মাঝে আনুষ্ঠানিকভাবে মোটরসাইকেলের চাবি হস্তান্তর করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, ২০০৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার গঠনের পর শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে শিক্ষা প্রকৌশল অধিদফতর (ইইডি) সারাদেশে অবকাঠামো নির্মাণে ব্যাপক কার্যক্রম গ্রহণ করে। এ উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে এবং নতুন নতুন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

গত সাড়ে আট বছরে শিক্ষার্থীর সংখ্যা প্রায় আড়াই গুণ বৃদ্ধি পেয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, 'ফলে নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজনীয়তাও অনেক বৃদ্ধি পেয়েছে।'

শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের বর্ণনা দিয়ে তিনি বলেন, মাধ্যমিক পর্যায়ে প্রথম প্রকল্পের আওতায় সাত হাজার ৮৫১টি একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে এবং আরও এক হাজার ৫১টি ভবনের নির্মাণ কাজ চলছে। চার হাজার ৬৪০ কোটি টাকা ব্যয়ে ৩২৩টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে উন্নয়ন প্রকল্প শুরু হবে। তিন হাজার ২২৩টি মাধ্যমিক বিদ্যালয়ের ঊর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন হয়েছে।

আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের টানা দুই মেয়াদে সারাদেশে প্রায় এক হাজার ৫০০ কলেজ ভবন নির্মাণ করা হয়েছে উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'আরও এক হাজার ১৭০টি ভবনের নির্মাণ কাজ চলছে।

২০০টি সরকারি কলেজে বিজ্ঞান শিক্ষার সম্প্রসারণে এক হাজার ৮০৫ কোটি টাকার কাজ এ মাসেই শুরু হচ্ছে। দুই হাজার ২৭৪ কোটি টাকা ব্যয়ে কলেজগুলোতে ছাত্রী হোস্টেল নির্মাণ করা হবে। মাদরাসা শিক্ষার উন্নয়নে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, এক হাজার ১৮৩টি ভবন নির্মাণ করা হয়েছে। আরও দুই হাজার মাদরাসা ভবন নির্মাণ প্রক্রিয়াধীন আছে।

এছাড়াও চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে ১৮৪টি একাডেমিক ও আবাসিক ভবন, শিক্ষার্থী হল ও গবেষণা ভবন নির্মাণ করা হচ্ছে বলে জানিয়ে মন্ত্রী বলেন, আগামী বছরের মধ্যে মাধ্যমিক বিদ্যালয়, মাদরাসা, কলেজ ও পাবলিক বিশ্ববিদ্যালয়ে সাড়ে উনিশ হাজার ভবন নির্মাণ সম্পন্ন হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এ. পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর